



## সড়কপথে বাংলাদেশে পৌঁছালেন ভারতের নতুন হাইকমিশনার



ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। ছবি: সংগৃহীত

ভারতের নবনিযুক্ত হাইকমিশনার দীনেশ ত্রিবেদী সড়কপথে বাংলাদেশে এসেছেন। শুক্রবার (১২ জুন) সকালে যশোরের বেনাপোল স্থলবন্দর দিয়ে দেশে প্রবেশ করেন তিনি। সেখান থেকে ঢাকার উদ্দেশে রওনা হয়েছেন নতুন এই কূটনীতিক।

বেনাপোলে তাকে স্বাগত জানান ঢাকায় নিযুক্ত ভারতের উপ-হাইকমিশনার পবন বাধে। দীনেশ ত্রিবেদী বাংলাদেশে ভারতের বিদায়ী হাইকমিশনার প্রণয় ভার্মার স্থলাভিষিক্ত হচ্ছেন। বাংলাদেশে দায়িত্ব গ্রহণের আগে বৃহস্পতিবার কলকাতার নেতাজি ভবন পরিদর্শন করেন তিনি। এ সময় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বাংলাদেশ-ভারত সম্পর্ককে গুরুত্ব দেওয়ার কথা জানান নতুন হাইকমিশনার।

দীনেশ ত্রিবেদী বলেন, দুই দেশের মধ্যে শুধু সীমান্ত নয়, পারস্পরিক স্বার্থ ও ভবিষ্যৎ প্রত্যাশারও মিল রয়েছে। আন্তরিকতা, সহযোগিতা ও পারস্পরিক শ্রদ্ধার ভিত্তিতে বিদ্যমান চ্যালেঞ্জগুলো মোকাবিলা করা সম্ভব বলেও তিনি মন্তব্য করেন।

তিনি আরও বলেন, দায়িত্ব গ্রহণের পর বাংলাদেশ ও ভারতের জনগণের মধ্যকার সম্পর্ককে আরও শক্তিশালী করাই হবে তার প্রধান অগ্রাধিকার।